

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বস্ত্র সেল (বস্ত্র-২ শাখা), ঢাকা।
www.mincom.gov.bd

নং ২৬.০০.০০০০.১৫২.৯৩.০১২.০৭-১৮

তারিখ: ২৪ জুলাই ২০১৯


বিষয়: আন্তর্জাতিক মেলাসমূহে বিজিবিএ-এর প্রতিনিধিত্বসহ বাণিজ্য বিরোধ নিরসনে বিজিবিএ-এর প্রস্তাব অনুযায়ী ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজের বিভিন্ন সমস্যা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজের এসোসিয়েশন (বিজিবিএ)-এর ৪ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল ২৩ জুলাই ২০১৯ মাননীয় বাণিজ্য মন্ত্রীর সাথে সাক্ষাৎ করে। সাক্ষাৎকালে বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা হয় এবং নিম্নলিখিত ২টি বিষয় বিবেচনার জন্য অনুরোধ জানানো হয়:

- (ক) ইপিবি কর্তৃক বিভিন্ন দেশে আয়োজিত আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের জন্য তালিকায় উৎপাদনকারীদের পাশাপাশি বিভিন্ন বায়িং হাউজকে অন্তর্ভুক্ত করা;
- (খ) তৈরি পোশাক খাতে কোনরূপ বাণিজ্য বিরোধ হলে তা নিরসনে নিরপেক্ষ তৃতীয় পক্ষকে মধ্যস্থতাকারী হিসেবে নিয়োগের ব্যবস্থা করা।

২.০ মাননীয় বাণিজ্যমন্ত্রী কর্তৃক তৈরি পোশাক রপ্তানিতে বায়িং হাউজের ভূমিকা বিবেচনায় আন্তর্জাতিক মেলাসমূহে বিজিবিএ-এর প্রতিনিধিত্বসহ বাণিজ্য বিরোধ নিরসনে বিজিবিএ-এর প্রস্তাব অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩.০ বর্ণিত অবস্থায়, উল্লিখিত বিষয় দু'টিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


২৪/০৭/২০১৯

(মোছাঃ শামীমা আকতার)

সহকারী প্রধান

ফোন: ৯৫৪০৬৩৬

ই-মেইল: ac.textile@mincom.gov.bd

ভাইস চেয়ারম্যান
রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন
১, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (রপ্তানি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়।
৪. অফিস কপি।